দৈনিক ইনকিলাব

20

তারিখ ...2 SEP 1988
পৃষ্ঠা... ৫ ... কলাম ... ৩

## শিক্ষাঙ্গন

### ছিন্নমূলদের জন্য শিক্ষা

শিক্ষাই জাতির মেরুদণ্ড। যে দেশে শিক্ষার হার যতো বেশী সে দেশ ততো উন্নত। আর যে দেশে অশিক্ষিতের হার যতো বেশী সে দেশ ততো অনগ্রসর ও দুর্দশাগ্রস্ত। শিক্ষা-দীক্ষার ক্ষেত্রে বাংলাদেশের অবস্থা গৌরবজনক নয়। ফলে, অশিক্ষার সঙ্গে সঙ্গে যে সকল অভিশাপ এসে পড়ে, সেগুলোর সবই আছে। ক্ষুধা, দারিদ্র্য, রোগ শোক সব কিছুই আমাদের আষ্টে-পৃষ্ঠে জড়িয়ে রেখেছে।

দেশ, জাতি তথা নিজের উন্নতি সাধন করতে গেলে নিরক্ষরতাকে অবশ্যই দূর করতে হবে, শিক্ষার আলো সকলের মধ্যে বিলিয়ে দিতে হবে।

দেশের কাজে উন্নতিতে সবাইকে অংশগ্রহণের জন্যে অনুপ্রাণিত করতে হবে। ছিন্নমূলরা অসহায়। তাদের ভাগ্যে জোটে না দু'মুঠো অন্ন। কিভাবে তারা শিক্ষা লাভ করবে? তাদের অসহায়তার কথা চিন্তা করে জয়পুরহাটের কিছু তরুণ সম্প্রতি প্রতিষ্ঠা করেছে ছিন্নমূল শিশুদের জন্যে একটি স্কুল। আমরা চাই, শুধু জয়পুরহাটেই নয়— বাংলাদেশের প্রতিটি জেলা উপজেলায় এ রকম ছিন্নমূল শিশু শিক্ষালয় গড়ে উঠুক।

—মাজহারুল ইসলাম তরু